



স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.৩৩.০৫৬.২১(অংশ-১)- ১৪৭০

তারিখঃ- ১৯ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
০৩ জানুয়ারী ২০২৩ খ্রিঃ

বিষয় : “Adobe Photoshop & Illustrator” বিষয়ক প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষার্থী মনোনয়ন প্রসঙ্গে।

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকায় আগামী ১৮-০১-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৩ তারিখ পর্যন্ত ০২ সপ্তাহ মেয়াদী “Adobe Photoshop & Illustrator” বিষয়ক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত জেলার পার্শ্বে উল্লেখিত সংখ্যক যুব ও যুব নারীদের মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো।

| ক্র. নং | জেলার নাম | প্রশিক্ষার্থীর সংখ্যা | ক্র. নং | জেলার নাম | প্রশিক্ষার্থীর সংখ্যা |
|-----------|------------------|-----------------------|---------|---------------|-----------------------|
| ০১ | গাজীপুর | ০২ জন | ০৬ | নেত্রকোনা | ০২ জন |
| ০২ | শরীয়তপুর | ০২ জন | ০৭ | খুলনা | ০২ জন |
| ০৩ | নোয়াখালী | ০২ জন | ০৮ | বরিশাল | ০২ জন |
| ০৪ | ব্রাহ্মণবাড়িয়া | ০২ জন | ০৯ | দিনাজপুর | ০২ জন |
| ০৫ | মৌলভীবাজার | ০২ জন | ১০ | চাপাইনবাবগঞ্জ | ০২ জন |
| সর্বমোট = | | | | | ২০ জন |

প্রশিক্ষার্থী নির্বাচনে আবশ্যিক বিষয়সমূহ:

- ০১। নির্বাচিত প্রার্থীগণের শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন এইচ.এস.সি/সমমান ও ৩ মাসের বেসিক কম্পিউটার কোর্স সম্পন্ন এবং বয়সসীমা ১৮ হতে ৩৫ বছর হতে হবে। যুব নারীর মনোনয়ন অগ্রাধিকার যোগ্য।
- ০২। এইচ.এস.সি /সমমান সনদের সত্যায়িত ফটোকপি, ৩ মাসের বেসিক কম্পিউটার কোর্সের সনদ ও NID-র ফটোকপি এবং শরীর চর্চায় অংশগ্রহণের জন্য স্পোর্টস সু/কেডস সংগে আনতে হবে।
- ০৩। কোর্সে অংশগ্রহণের জন্য আবশ্যিকভাবে নিজস্ব Laptop সংগে আনতে হবে।
- ০৪। প্রশিক্ষার্থীগণকে সেশনে মার্জিত রং এর পোশাক (ছেলেদের-শার্ট ও প্যান্ট এবং মেয়েদের- ছালোয়ার ও কামিজ/ শাড়ী) পরিধান করতে হবে।
- ০৫। কোর্সটি সম্পূর্ণ আবাসিক। প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ, আবাসন, খাবার খরচ এবং যাতায়াত খরচ সরকারি অর্থে নির্বাহ করা হবে।
- ০৬। নির্বাচিত প্রার্থীগণের তালিকা ১২-০১-২০২৩ তারিখ ইনস্টিটিউটের ই-মেইলে (training@shniyd.gov.bd) প্রেরণ করতে হবে।
- ০৭। ইতোপূর্বে এ ইনস্টিটিউটের প্রশিক্ষণ কোর্সে যাদের মনোনয়ন দেয়া হয়েছিল তারা মনোনয়ন পাওয়া যোগ্য বলে বিবেচিত হবেন না।
- ০৮। মনোনীত প্রশিক্ষার্থীগণকে কোর্স শুরুর আগের দিন (১৭-০১-২০২৩খ্রিঃ তারিখ) বিকাল ০৩:০০ ঘটিকার মধ্যে ইনস্টিটিউটের হোস্টেল সুপারিনটেনডেন্ট এর নিকট আবশ্যিকভাবে রিপোর্ট করতে হবে। হোস্টেল সুপারিনটেনডেন্ট- ০১৭১২২৬২৭৬৩, (পুরুষ হোস্টেল) এবং ০১৭৩২৪৬৯২২৯ (মহিলা হোস্টেল)।

স্বাক্ষরিত/-

আবু তাহের মোঃ মাসুদ রানা
মহাপরিচালক

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

ফোন : ০২-২২৪৪২৬০২৮

ইমেইল : dgshniyd@shniyd.gov.bd

প্রাপক : উপপরিচালক


যুব উন্নয়ন অধিদপ্তর,-----জেলা।

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.৩৩.০৫৬.২১(অংশ-১)- ২৪৭০

তারিখঃ- ১৯ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
০৩ জানুয়ারী ২০২৩ খ্রিঃ

অনুলিপি:

- ০১। উপপরিচালক (প্রশাসন ও অর্থ)/(প্রশিক্ষণ ও মূল্যায়ন), শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
- ০২। সহকারী পরিচালক (প্রশাসন, অর্থ, গবেষণা, প্রকাশনা), ফিজিক্যাল ইন্সট্রাক্টর, হোস্টেল সুপারিনটেনডেন্ট, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
- ০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অফিস কপি।



(ড. মোঃ শহীদুল ইসলাম)
সহকারী পরিচালক (প্রশিক্ষণ)

ফোন : ০২-২২৪৪২৬০৩১

মোবাইল- ০১৭১৩৬২৮৬৭১